

খাগড়াছড়ি পার্বত্য জেলার মান্যবর জেলা প্রশাসক জনাব মোঃ সহিদুজ্জামান ২৫তম বিসিএস প্রশাসন ক্যাডারের একজন সদস্য। তিনি গোপালগঞ্জ জেলার শাপলাডাঙ্গা উপজেলার অধিবাসী। জনাব মোঃ সহিদুজ্জামান জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে Government and Politics বিষয়ে বিএসসিও এমএসসি সফলভাবে সমাপ্ত করার পর ২০০৬ সালে বাংলাদেশ সিভিল সার্ভিসে প্রবেশ করেন এবং চট্টগ্রাম কালেক্টরেটে সহকারী কমিশনার হিসেবে কর্মজীবন শুরু করেন। কর্মজীবনে তিনি মাঠ প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে সততা ও দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। তিনি কুড়িগ্রাম জেলার সদর উপজেলা এবং ঢাকার ধামরাই উপজেলায় সহকারী কমিশনার (ভূমি) হিসেবে এবং ফরিদপুরের বোয়ালমারী উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন।

পরবর্তীতে তিনি সিসিএ কার্যালয়ে (কন্ট্রোলার অব সার্টিফাইং অথরিটিজ) সহকারী নিয়ন্ত্রক এবং শরণার্থী ত্রাণ ও প্রত্যাভাসন কমিশনারের কার্যালয়, কক্সবাজারে অত্যন্ত সুনামের সাথে কাজ করেন। জনাব মোঃ সহিদুজ্জামান জাতীয় নদী রক্ষা কমিশনের চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব হিসেবে দক্ষতার সাথে তার উপর অর্পিত দায়িত্ব পালন করেন। তার নিরন্তর উদ্যম এবং অনুসন্ধিৎসুতা তাকে বিদেশে অধ্যয়ন করতে উদ্বুদ্ধ করে। তিনি যুক্তরাজ্য থেকে "Managementwith Human Resources" বিষয়ে দ্বিতীয় মাস্টার্স সম্পন্ন করেন।

০৪ ডিসেম্বর ২০২২ তারিখে খাগড়াছড়ি পার্বত্য জেলার জেলা প্রশাসক হিসেবে যোগদানের পূর্বে জনাব মোঃ সহিদুজ্জামান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাদ্য মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব হিসেবে কর্মরত ছিলেন।

জনাব মোঃ সহিদুজ্জামান বিভিন্ন সময়ে লন্ডন, সুইজারল্যান্ড, ফ্রান্স, ইতালী, অস্ট্রেলিয়া, ইন্দোনেশিয়া, যুক্তরাজ্য, মালয়েশিয়া এবং সিঙ্গাপুর সফর করেছেন। ব্যক্তিগত জীবনে জনাব মোঃ সহিদুজ্জামান এক পুত্র সন্তানের জনক।

Mr. Md. Sahiduzzaman, Honorable Deputy Commissioner of Khagrachari Hill District, is a member of 25th BCS Administration Cadre. He is a resident of Shapladangaupazila of Gopalganj district. Mr. Md. Sahiduzzaman joined Bangladesh Civil Service in 2006 after successfully completing B.Sc. and M.Sc. in Government and Politics from Jahangirnagar University and started his career as Assistant Commissioner in Chittagong Collectorate. During his career, he served in various important positions of field administration with integrity and efficiency.

He served as Assistant Commissioner (Land) in SadarUpazila of Kurigram District and DhamraiUpazila of Dhaka and as UpazilaNirbahiOfficer in BoalmariUpazila of Faridpur.

Later he served with great distinction in the office of CCA (Controller of Certifying Authorities) as Assistant Controller and Office of Refugee Relief and Repatriation Commissioner, Cox's Bazar. Mr. Md. Sahiduzzaman efficiently performed the duties assigned to him as Private Secretary to the Chairman of the National River Protection Commission. His constant enthusiasm and curiosity prompted him to study abroad. He completed his second Masters in "Management with Human Resources" from UK.

Before joining as Deputy Commissioner of Khagrachari Hill District on 04th December 2022, Mr. Md. Sahiduzzaman was working as Private Secretary to Hon'ble Minister of Food, Government of People's Republic of Bangladesh.

Mr. MdSahiduzzaman visited London, Switzerland, France, Italy, Australia, Indonesia, United Kingdom, Malaysia and Singapore at various times. In his personal life, Mr. Md. Sahiduzzaman is married and blessed with one child.